দৈনিক বাংলা

তারিখ ... 22 DEC 1990 ...
পৃষ্ঠা... ৪ ... কলাম ... ৩

36

# ইসলামী ভার্সিটি স্থানান্তর আদেশ প্রত্যাহার দাবী

।। নিজস্ব সংবাদদাতা ।।

টঙ্গী, ২১শে ডিসেম্বর।–গাজীপুর পরিত্যক্ত ইসলামী বিশ্ববিদ্যালয়ে পুণ-রায় ক্লাস শুরু করার দাবীতে আজ বিকালে বোর্ড বাজারে এক বিরাট ছাত্র–জনসমাবেশ অনুষ্ঠিত হয়।

সভায় বক্তারা স্বৈরাচারী এরশাদ সরকার কর্তৃক ইসলামী বিশ্ববিদ্যা-লয়ের অবৈধ স্থানান্তর আদেশ প্রত্যা-হারের দাবী জানান। জনাব আবদুল কাদেরের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সমাবেশে বক্তৃতা করেন আতাউর রহমান, মোতালেব, মুস্তাফিজ, আলা-উদ্দিনপ্রমুখ।

সভায় ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভিসি ডঃ সিরাজুল ইসলামের অপ-সারণেরও দাবী জানানো হয়।

সভা শেষে একটি বিক্ষোভ মিছিল বের হয়। বিক্ষোভকারীরা পরিত্যক্ত বিশ্ববিদ্যালয়ের গেটে টাঙ্গানো গাজীপুর আধুনিক হাসপাতালের সাইনবোর্ড ভেঙ্গে ফেলে।

উল্লেখ্য, সাবেক এরশাদ সরকার গাজীপুর ইসলামী বিশ্ববিদ্যালয় কুষ্টিয়ায় স্থানান্তর করে এবং বিশ্ববিদ্যালয়ের পরিত্যক্ত ভবনে ২শ' শয্যা বিশিষ্ট একটি আধুনিক হাসপাতাল করার নির্দেশ দেয়। এছাড়া ঐ সরকার ভাওয়াল বদরে আলম কলেজকে বিশ্ব-বিদ্যালয় কলেজও ঘোষণা করে।